



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নাটোর

নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নাটোর এবং নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর এ

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫ শিক্ষাবর্ষে নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ৩য় শ্রেণিতে এবং নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩য় শ্রেণিতে নিম্নবর্ণিত শূণ্য আসনে শিক্ষার্থী ভর্তির জন্য <http://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় আবেদন পূরণার্থে **Teletalk Pre-paid Mobile** (টেলিটক প্রি-পেইড মোবাইল) নম্বর হতে **SMS** এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে Online-এর মাধ্যমে ১২/১১/২০২৪ খ্রি. সকাল ১১.০০ টা হতে শুরু হয়ে ৩০/১১/২০২৪খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে। আবেদন ফরম পূরণ পূর্বক প্রবেশপত্রের ০১ (এক) কপি কালার প্রিন্ট নিতে হবে।

আসন সংখ্যা

বিদ্যালয়ের নাম	সংরক্ষিত আসন	ভর্তিযোগ্য শূণ্য আসন	
		প্রভাতি শিফট	দিবা শিফট
নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নাটোর।	০২ জনঃ ৩য় শ্রেণি(প্রভাতি শিফট)	১০৮ জন	১০৮ জন
	০২ জনঃ ৩য় শ্রেণি(দিবা শিফট)		
নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নাটোর।	০১ জনঃ ৩য় শ্রেণি(প্রভাতি শিফট)	১০৯ জন	১০৮ জন
	০২ জনঃ ৩য় শ্রেণি(দিবা শিফট)		

Online-এ ভর্তির আবেদনের জন্য যা দরকার হবে

Online আবেদনের ঠিকানা (<https://gsa.teletalk.com.bd>)

১। অন-লাইনে ভর্তির আবেদন ফি ১১০.০০ (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে (অফেরত যোগ্য)।

২। লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পাবে। লটারিতে নির্বাচিত শিক্ষার্থীকে তার নির্ধারিত শিফটে ভর্তি হতে হবে। কোন ক্রমেই শিফট পরিবর্তন করা হবে না।

৩। জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ২০২৫ শিক্ষাবর্ষে ১ম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ৬+ বছর নির্ধারিত হবে।

বিঃদ্র:

(ক) কোটার ক্ষেত্রে ভর্তির সময় সঠিক প্রমাণপত্র দাখিল করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। আসন শূণ্য হলে অপেক্ষমান তালিকা থেকে মেধা ও কোটা অনুসরণ করে ভর্তি করা হবে।

(খ) ভর্তি ও অনলাইন ফরম পূরণ সংক্রান্ত কোন সরকারি সিদ্ধান্ত পরিবর্তন হলে স্কুল কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(গ) ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির তারিখ ও সময় এবং বিস্তারিত তথ্য উভয় বিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করা হবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে পরবর্তীতে ভর্তির কোন সুযোগ থাকবে না।

(মোঃ জায়েদুর রহমান)

সদস্য সচিব

শিক্ষার্থী ভর্তি কমিটি-২০২৫

ও

প্রধান শিক্ষক

নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নাটোর।

টেলিফোনঃ ০২৫৮৮৮ ৭১৬১৪